ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৯৬৬

আগরতলা, ২৪ নভেম্বর, ২০২৫

**সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী**

**এডহক প্রমোশন পলিসিকে**
**নিয়মিত করতে মন্ত্রিসভার সিদ্ধান্ত**

রাজ্য সরকারের ২০২১ সালে সরকারি কর্মচারিদের এডহক প্রমোশন পলিসিকে এখন থেকে নিয়মিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ সচিবালয়ে রাজ্য মন্ত্রিসভার এই সিদ্ধান্তের কথা জানান পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। সন্ধ্যায় সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে শ্রী চৌধুরী জানান, সুপ্রিমকোর্টে এই সংক্রান্ত মামলা বিচারাধীন থাকার ফলে রাজ্য সরকার সরকারি কর্মচারিদের পদোন্নতির ক্ষেত্রে এডহক পলিসি গ্রহণ করে। সেই অনুযায়ী গত ২০২৫ সালের জুন মাস পর্যন্ত ১৩ হাজার ৮২ জনের অধিক রাজ্য সরকারের সরকারি কর্মচারি এডহক ভিত্তিতে পদোন্নতি পেয়েছেন। কিন্তু তারা অবসর গ্রহণের পর আর্থিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছিলেন। রাজ্য সরকার সার্বিক পরিস্থিতি বিবেচনা করে কর্মচারিদের স্বার্থে অবসরপ্রাপ্ত কর্মচারি সহ সকল অংশের কর্মচারিদের নিয়মিতকরণের সুবিধার আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে। শ্রী চৌধুরী জানান, সুপ্রিমকোর্টে মামলার চূড়ান্ত নিষ্পত্তি সাপেক্ষে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

*****